

## 🗏 আল-মুলক | Al-Mulk | اُلْمُلْك

আয়াতঃ ৬৭: ২৭

## **া** আরবি মূল আয়াত:

## فَلَمَّا رَاوهُ زُلفَةً سِيَّت وُجُوهُ الَّذِينَ كَفَرُوا وَ قِيلَ هٰذَا الَّذِي كُنتُم بِهِ تَدَّعُونَ ﴿٢٧﴾

## 

অতঃপর তারা যখন তা\* আসন্ন দেখতে পাবে, তখন কাফিরদের চেহারা মলিন হয়ে যাবে এবং বলা হবে, 'এটাই হল তা, যা তোমরা দাবী করছিলে'। — আল-বায়ান

অতঃপর যখন তারা তাকে (অর্থাৎ কিয়ামতকে) নিকটে উপস্থিত দেখতে পাবে, তখন কাফিরদের মুখ মলিন হয়ে যাবে, আর (তাদেরকে) বলা হবে, 'এই তো (ও'য়াদা বাস্তবায়িত হয়েছে) যা তোমরা চাচ্ছিলে।' — তাইসিরুল যখন ওটা আসন্ন দেখবে তখন কাফিরদের মুখমণ্ডল ম্লান হয়ে যাবে এবং তাদেরকে বলা হবেঃ এটাইতো তোমরা চাচ্ছিলে। — মুজিবুর রহমান

But when they see it approaching, the faces of those who disbelieve will be distressed, and it will be said, "This is that for which you used to call." — Sahih International

\*কিয়ামতের শাস্তি।

২৭. অতঃপর তারা যখন তা আসন্ন দেখবে তখন কাফিরদের চেহারা ম্লান হয়ে পড়বে এবং বলা হবে, এটাই হল তা. যা তোমরা দাবী করেছিলে।

তাফসীরে জাকারিয়া

- (২৭) যখন ওটা[1] আসন্ন দেখবে তখন অবিশ্বাসীদের মুখমন্ডল মলিন হয়ে যাবে[2] এবং বলা হবে, 'এটাই তো সেই জিনিস, যা তোমরা দাবি করছিলে।' [3]
  - [1] ুর্বির মধ্যে র্কসর্বনাম (ওটা) থেকে অধিকাংশ মুফাসসিরগণ 'প্রতিশ্রুতি' (কিয়ামতের আযাব)এর প্রতিইঙ্গিত বুঝিয়েছেন।
  - [2] অর্থাৎ, লাঞ্ছনা, ভয়াবহতা এবং আতঙ্কের কারণে তাদের মুখমন্ডল মলিন হয়ে যাবে। এ কথাকে অন্যত্র



মুখমন্ডল কালো হয়ে যাবে বলে আখ্যায়িত করা হয়েছে। (সূরা আলে ইমরান ১০৬ আয়াত)
[3] অর্থাৎ, এই আযাব যা তোমরা দেখতে পাচ্ছ, তা তো সেই আযাবই, যা তোমরা পৃথিবীতে দ্রুত দেখতে চাচ্ছিলে। যেমন, সূরা স্বাদের ১৬নং আয়াতে এবং সূরা আনফালের ৩২নং আয়াতে উল্লেখ হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5268

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন